**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2025** **গভর্নর ক্যাথি হোকল**

# বন্দুক সংক্রান্ত সহিংসতা সচেতনতার মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় আনছেন

***ট্রাম্প প্রশাসন হোয়াইট হাউসের অফিস ভেঙে দেওয়ার এবং বন্দুক সংক্রান্ত সহিংসতা কমাতে অর্থায়ন কমানোর কারণে স্টেট বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে এখন আইনে আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে***

***অফিস স্টেট ও স্থানীয় এজেন্সিগুলির মধ্যে সমন্বয় সম্প্রসারণ করবে, নিরাপদ সংরক্ষণের অভিযান পরিচালনা করবে এবং বন্দুক সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে অগ্রগতি বজায় রাখবে***

***নিউ ইয়র্ক সিটিতে বছরের পর বছর গুলি চালানোর ঘটনার সংখ্যা 21% কমেছে এবং বন্দুকের সাথে জড়িত হত্যাকাণ্ডের সংখ্যা রেকর্ডের মধ্যে সব চেয়ে কম আছে***

***গত বছরের একই সময়ের তুলনায় স্টেটব্যাপী গুলি চালানোর ঘটনা 17% কমেছে এবং মানুষ নিহত হওয়ার সংখ্যা 26% কমেছে***

***গভর্নর দ্বারা দেশের শীর্ষস্থানীয় বন্দুক সংক্রান্ত নিরাপত্তার আইন প্রণয়ন, ইন্টারস্টেট বন্দুক সংক্রান্ত টাস্ক ফোর্স গঠন এবং বন্দুক সহিংসতা প্রতিরোধের উদ্যোগে 347 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের ফলে ধারাবাহিক অগ্রগতি লক্ষ্য করা গেছে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ বন্দুক সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে অব্যাহত অগ্রগতির ঘোষণা করেছেন, সেই সাথে নতুন প্রকাশিত তথ্য অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটের (New York State) ব্যাপক প্রতিরোধের কৌশলগুলি কার্যকর বলে প্রমাণিত হয়েছে। 2025 সালের জানুয়ারী থেকে মে মাস পর্যন্ত, গত বছরের একই সময়ের তুলনায় গুলি চালানোর ঘটনা 17 শতাংশ কমেছে এবং নিউ ইয়র্ক সিটির (New York City) বাইরের প্রধান মেট্রোপলিটন এলাকাগুলিতে, যা 21টি Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগের কাউন্টি হিসেবেও পরিচিত, সেখানে গুলি চালানোর ঘটনায় শিকার হওয়া ব্যক্তিদের সংখ্যা 26 শতাংশ কমেছে। নিউ ইয়র্ক সিটিতে, গত বছরের একই সময়ের তুলনায় গুলি চালানোর ঘটনা এবং গুলিবিদ্ধ ব্যক্তিদের সংখ্যা উভয়ই 21 শতাংশ কমেছে এবং বন্দুকের কারণে হওয়া হত্যাকাণ্ড রেকর্ডের মধ্যে সব থেকে কম আছে। স্টেটব্যাপী প্রাথমিক তথ্য দেখায় যে 2025 সালের জুন মাসের প্রথম তিন সপ্তাহ ধরে গুলি চালানোর ঘটনা আরও কমেছে। এই ফলাফলগুলি জননিরাপত্তার জন্য স্টেটের তথ্য-চালিত, সম্প্রদায়-ভিত্তিক পদ্ধতির ধারাবাহিক প্রভাবকে প্রতিফলিত করে।

"আমার সর্বোচ্চ অগ্রাধিকার হলো জননিরাপত্তা, এবং নিউ ইয়র্কে আমরা আমাদের রাস্তাঘাট এবং সম্প্রদায়গুলিকে নিরাপদ করে তোলার জন্য বন্দুক সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার উপর পুরোপুরি মনোযোগ দিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেছেন।** "স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে (Office of Gun Violence Prevention) আইনের আওতায় আনার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কে বন্দুকের কারণে ঘটা অপরাধ কমানোর জন্য আমাদের প্রচেষ্টার প্রভাব বাড়াচ্ছি এবং বন্দুক সংক্রান্ত সহিংসতার কারণে হওয়া সব থেকে বেশী ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলির সাথে সরাসরি কাজ করছি যাতে আমাদের স্টেট জুড়ে এই জনস্বাস্থ্যের সংকটের সাথে মোকাবেলা এবং প্রতিরোধ করার পদ্ধতিতে মৌলিক পরিবর্তন আনা যায়।"

একই সময়ে, গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস (OGVP) এখন FY26-এর প্রণীত বাজেটের মাধ্যমে চিরকালের জন্য স্টেট আইনের আওতায় অন্তর্ভুক্ত। মূলত 2021 সালে নির্বাহী আদেশ দ্বারা প্রতিষ্ঠিত, এই অফিসটি ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services) মধ্যে অবস্থিত এবং স্টেট ও স্থানীয় এজেন্সিগুলির মধ্যে সহিংসতা কমানোর কৌশলগুলি সমন্বয় করার, তথ্য বিশ্লেষণ করার এবং বন্দুক সংক্রান্ত সহিংসতার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের সেবা প্রদানকারী সম্প্রদায়ের সংস্থাগুলিকে সহায়তা করার জন্য স্টেটের প্রচেষ্টার নেতৃত্ব দেয়। ট্রাম্প প্রশাসন কর্তৃক হোয়াইট হাউসের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস বন্ধ করে দেওয়ার পর নিউ ইয়র্ক হলো প্রথম স্টেট যেখানে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের জন্য নিবেদিত একটি অফিসকে আইনের আওতায় নেওয়া হয়েছে।

এই মাইলফলকটি এমন একটি সময়ে এসেছে যখন বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের প্রচেষ্টায় ফেডারেল সহায়তা ব্যাহত হয়েছে এবং তা বিলুপ্ত করে দেওয়া হয়েছে। হোয়াইট হাউসের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস বন্ধ করে দেওয়া এবং মার্কিন বিচার বিভাগ (Department of Justice) থেকে সম্প্রতি কমিউনিটি-ভিত্তিক সহিংসতা প্রতিরোধের (Community-Based Violence Intervention) অনুদান স্থানীয় সংস্থাগুলির উপর অতিরিক্ত চাপ সৃষ্টি করেছে। OGVP-এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত বিনিয়োগ এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টাগুলিকে জোরদার এবং কার্যকর রাখতে সহায়তা করে।

অফিসে দায়িত্ব নেওয়ার পর থেকে, গভর্নর Hochul (হোকল) স্টেট জুড়ে বন্দুক সংক্রান্ত সহিংসতা কমানোর উপর,নীতিমালা প্রণয়ন করা এবং নিউ ইয়র্কবাসী ও তাদের সম্প্রদায়কে নিরাপদ করে এমন আইনকে অগ্রাধিকার দেওয়ার উপর মনোনিবেশ করেছেন। এর মধ্যে রয়েছে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের ব্যবস্থায় 347 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ, দেশের শীর্ষস্থানীয় বন্দুক সংক্রান্ত সুরক্ষার আইনকে শক্তি প্রদান করা, সম্প্রদায় এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে সমর্থন করা এবং যারা ক্ষতি করতে পারেন তাঁদের থেকে বন্দুক দূরে রাখা। 2021 সালের জানুয়ারী মাস থেকে 2025 সালের মে মাস পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) 4,902টি বন্দুক বাজেয়াপ্ত করেছে এবং 5,500 জনেরও বেশী এমন ব্যক্তিদের চরম ঝুঁকির সুরক্ষা সংক্রান্ত আদেশ (Extreme Risk Protection Orders) দিয়েছে যারা নিজেদের বা অন্যদের জন্য বিপদজনক বলে প্রমাণিত হয়েছেন, তাঁদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র সরিয়ে নিয়েছে এবং তাঁদের কেনাকাটা করা থেকে বাধা দিয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) বলেছেন,** "সকল নিউ ইয়র্কবাসী তাঁদের পাড়া, স্কুল এবং আমাদের রাস্তায় নিরাপদ বোধ করার অধিকার রাখেন। আমাদের রাস্তা থেকে বন্দুক সরিয়ে ফেলা, বন্দুক-সম্পর্কিত অপরাধ বন্ধ করা এবং নিউ ইয়র্কবাসীদের জননিরাপত্তা রক্ষা করার জন্য আমরা প্রতিদিন যে কাজ করে আসছি তা চালিয়ে যাওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস আমাদের সাহায্য করবে। আমি বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় অন্তর্ভুক্ত করার এবং সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে সহায়তা করতে গভর্নর Hochul (হোকল), সেনেটর Myrie (মাইরি) এবং অ্যাসেম্বলির সদস্য Chandler-Waterman (চ্যান্ডলার-ওয়াটারম্যান)-কে তাঁদের প্রচেষ্টার জন্য সাধুবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেছেন,** "গভর্নর Hochul (হোকল) বন্দুক সংক্রান্ত সহিংসতার প্রতিরোধকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন এবং প্রাপ্ত ফলাফলগুলিই এর প্রমাণ। তাঁর বিনিয়োগের কারণে, আমরা অর্থপূর্ণ এবং পরিমাপযোগ্য অগ্রগতি দেখতে পারছি। কিন্তু আমরা জানি যে কাজটি শেষ হয়নি। বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় এনে, গভর্নর Hochul (হোকল) এটি নিশ্চিত করছেন যে নিউ ইয়র্কের কৌশলগুলি কেবল টিকেই থাকছে না বরং সেগুলিকে সম্প্রসারণ ও শক্তি প্রদান করার মাধ্যমে যাতে আগামী বছরগুলির জন্য সম্প্রদায়গুলিকে রক্ষা করা হয়।"

**নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের ডিরেক্টর (Calliana Thomas) ক্যালিয়ানা থমাস বলেছেন,** "আমাদের কাজের মূল ভিত্তি হলো আস্থা তৈরি করা, সংস্থান সরবরাহ করা এবং সহিংসতার মূল কারণগুলির সাথে মোকাবেলা করে একটি ব্যাপক জনস্বাস্থ্য বিষয়ক পদ্ধতির মাধ্যমে দুঃখজনক ঘটনা প্রতিরোধ করা। বাফেলো (Buffalo) থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত এমন স্থানীয় অংশীদারদের সাথে দাঁড়াতে পেরে আমরা গর্ব বোধ করি, যারা প্রতিদিন তরুণ ব্যক্তিদের জন্য উপস্থিত হন, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সমর্থন করেন এবং নিরাপদ ও স্বাস্থ্যকর প্রতিবেশী এলাকাগুলি তৈরিতে সহায়তা করেন। ফেডারেল সহায়তা অনিশ্চিত হয়ে পড়ায়, নিউ ইয়র্ক নেতৃত্ব দেওয়ার জন্য এগিয়ে আসছে এবং আমরা এই জীবন রক্ষাকারী কাজটি বজায় রাখার জন্য অন্যদের আমাদের সাথে যোগ দিতে আহ্বান জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ভিকটিম সার্ভিসেসের (Office of Victim Services, OVS) ডিরেক্টর বিয়া হ্যানসন বলেছেন,** "নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলি বন্দুক সংক্রান্ত সহিংসতার রেকর্ড পরিমাণে কম ঘটনা দেখতে পারছে, কিন্তু কিছু সম্প্রদায় এখনও অন্যদের তুলনায় বেশী বন্দুক সংক্রান্ত সহিংসতার সম্মুখীন হচ্ছে। এবং আমরা জানি যে একজন ভুক্তভোগী হওয়াও অনেক বেশী। সকল ভুক্তভোগী ব্যক্তি, তাঁদের পরিবার এবং সম্প্রদায়গুলির জন্য অব্যাহত সহায়তা, সেবায় বর্ধিত অ্যাক্সেস এবং প্রতিরোধ ও হস্তক্ষেপ উভয়ের উপর দৃষ্টি নিবদ্ধ করা প্রোগ্রামগুলির সম্প্রসারণ প্রয়োজন। OVS বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের কাজকে সমর্থন করতে পেরে গর্বিত এবং সকল ভুক্তভোগীরা যাতে পুনরুদ্ধার এবং স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারেন তার জন্য তাঁদের কাছে যে প্রয়োজনীয় সংস্থান রয়েছে তা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। জননিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং আমাদের সব সম্প্রদায়গুলিতে বন্দুক সংক্রান্ত সহিংসতা হ্রাস করা চালিয়ে যেতে তাঁর অটল সমর্থনের জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

**স্টেট সেনেটর Zellnor Myrie (জেলনর মাইরি) বলেছেন,** "এমন একটি সময়ে যখন ট্রাম্প প্রশাসন সারা দেশে বন্দুক সংক্রান্ত সহিংসতা বন্ধ করার পদক্ষেপগুলিকে সীমিত করছে, তখন নিউ ইয়র্ক নেতৃত্ব দেওয়া অব্যাহত রাখছে। বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস স্থানীয় এলাকা এবং সম্প্রদায়ের গোষ্ঠীগুলির মধ্যে প্রচেষ্টা সমন্বয় করবে, সর্বোত্তম অনুশীলনের তথ্য সংগ্রহ এবং আদানপ্রদান করে নেবে এবং ওয়াশিংটন (Washington) থেকে আসা ঝড়ের সাথে মোকাবেলার এই লড়াইয়ের অগ্রভাগে থাকা সংস্থাগুলিকে সহায়তা করবে। আমাদের সম্প্রদায় বন্দুক সংক্রান্ত সহিংসতা বন্ধ করার জন্য একটি সম্পূর্ণ সরকারি পদক্ষেপের অধিকার রাখে, এবং আমি গর্বিত যে জননিরাপত্তার জন্য লড়াই করা অ্যাসেম্বলির সদস্যা Monique Chandler-Waterman (মোনিক চ্যান্ডলার-ওয়াটারম্যান) এবং সমর্থকদের সঙ্গে OGVP প্রতিষ্ঠার প্রচেষ্টায় আমি নেতৃত্ব দিয়েছি।"

**স্টেট সেনেটর Nathalia Fernandez (নাথালিয়া ফার্নান্দেজ) বলেছেন,** "বন্দুক সক্রান্ত সহিংসতা অনেক জীবন শেষ করে দিয়েছে — এবং বর্তমান প্রশাসন হোয়াইট হাউসের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস বন্ধ করে আমাদের কাছ থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। নিউ ইয়র্কে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় আনার মাধ্যমে আমরা বলছি যে আমাদের নিরাপত্তা, সম্প্রদায় এবং জীবনের অধিকার সুরক্ষিত হওয়ার যোগ্য। "আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই কেবল বন্দুকের সহিংসতার প্রতি প্রতিক্রিয়া জানানোর জন্যই নয়, বরং এটি প্রতিরোধের জন্য পরিকাঠামোতে বিনিয়োগ করার জন্যও।"

**অ্যাসেম্বলি সদস্যা Monique Chandler-Waterman (মোনিক চ্যান্ডলার-ওয়াটারম্যান) বলেছেন,** "আমরা NYS বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে স্টেটের মর্যাদায় প্রতিষ্ঠিত করার এই গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলির মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সময়ে দাঁড়িয়ে আছি। এই অফিসটির মূল ভিত্তি হবে তথ্য সংগ্রহ, জনশিক্ষা, সার্বিক সহায়তার পরিষেবা, সম্প্রদায়ের সহযোগিতা, স্থানীয় সহিংসতা বিরোধী গোষ্ঠীগুলিকে অর্থায়ন করা এবং এজেন্সি ও অংশীদারদের মধ্যে কার্যকর সমন্বয়। আমরা বন্দুক সংক্রান্ত সহিংসতা বন্ধ করার এবং আমাদের সম্প্রদায়গুলিকে ধ্বংস করে দেওয়া ট্রমার সাথে মোকাবেলা করার জন্য একটি সাহসী পদক্ষেপ নিচ্ছি। একই সাথে গণহারে বন্দুক সংক্রান্ত সহিংসতা নামে একটি নতুন শব্দকে আইনে অন্তর্ভুক্ত করা হচ্ছে যা এই অফিসকে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের কাছে সংস্থানের সমন্বয় সাধন করার জন্য সক্রিয় করবে। এই গুরুত্বপূর্ণ কাজের সাথে যুক্ত আমাদের ভুক্তভোগী ব্যক্তি, সম্প্রদায়ের সদস্য

এবং সহিংসতা বিরোধী সম্প্রদায়ভিত্তিক সংস্থাগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই। NYS ব্ল্যাক পুয়েের্তো রিকান হিস্পানিক অ্যান্ড এশিয়ান লেজিসলেটিভ ককাসের (NYS Black Puerto Rican Hispanic and Asian Legislative Caucus) NYS বন্দুক বিরোধী সহিংসতার সাবকমিটির (NYS Anti-Gun Violence Subcommittee) সহ-সভাপতি হিসেবে নিউ ইয়র্কে আমাদের করা আন্দোলনের জন্য আমি গর্বিত, যা সারা দেশের স্টেটগুলির জন্য একটি মডেল হিসেবে কাজ করবে—বিশেষ করে এমন একটি সময়ে যখন বন্দুক সংক্রান্ত সহিংসতার ব্যাপক, প্রতিরোধমূলক পদক্ষেপের জন্য ফেডারেল তহবিল হ্রাস করা হচ্ছে। গভীরতর আর্থিক বিনিয়োগগুলি এই জনস্বাস্থ্যের সংকটের সাথে বাস্তব ও স্থায়ীভাবে মোকাবেলা করার জন্য দীর্ঘমেয়াদী সহায়তা নিশ্চিত করবে। এটি সঠিক দিকে এগিয়ে যাওয়ার জন্য একটি পদক্ষেপ এবং আমি আরও বিনিয়োগের পক্ষ থেকে সমর্থন করা চলমান রাখব যতক্ষণ না আমরা বলতে পারি যে বন্দুক সহিংসতার কারণে আর কোনও প্রিয়জন নিহত হননি।"

**স্টেট সেনেটর Jamaal T. Bailey (জামাল টি. বেইলি) বলেছেন,** "স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় আনার অর্থ হলো জীবন বাঁচানোর জন্য একটি স্থায়ী প্রতিশ্রুতি তৈরি করা। গুলি চালানোর ঘটনা কমতে থাকলেও আমাদের আত্মতুষ্ট হয়ে পড়া চলবে না। এখন সময় হয়েছে দ্বিগুণ পরিশ্রম করার, আমাদের অগ্রগতিকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার এবং আমাদের কৌশলগুলি যাতে স্থায়ী, সক্রিয় এবং সম্প্রদায়ের মধ্যে প্রোথিত থাকে তা নিশ্চিত করার। এই অফিসটি প্রতিরোধ, সমন্বয় এবং উদ্ভাবনের জন্য একটি কেন্দ্রীভূত হাব হিসেবে সেবা প্রদান করবে যাতে সব চেয়ে বেশী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কণ্ঠস্বর আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকে। বিল স্পন্সর করার জন্য সেনেটর Zellnor Myrie (জেলনর মাইরি) এবং অ্যাসেম্বলির সদস্যা Monique Chandler-Waterman (মোনিক চ্যান্ডলার-ওয়াটারম্যান)-কে ধন্যবাদ। নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি প্রতিবেশী এলাকার জন্য জননিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে তাঁদের অব্যাহত নেতৃত্ব এবং অংশীদারিত্বের জন্য আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), সংখ্যাগরিষ্ঠ নেতা Andrea Stewart-Cousins (আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স) এবং অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি)-কে ধন্যবাদ জানাই।"

**স্টেটের সেনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেছেন,** "ট্রাম্প প্রশাসন এবং কংগ্রেসনাল রিপাবলিকানরা এই সংকটের সাথে মোকাবেলায় সহিংসতা প্রতিরোধের জন্য অর্থায়ন কমিয়ে দেওয়া এবং অফিস ভেঙে দেওয়ার সময়ে আমাদের স্টেট নেতৃত্ব প্রদর্শন করছে। আমার নির্বাচনী এলাকার জনগণ সহ প্রতিটি নিউ ইয়র্কবাসীর নিরাপদ থাকার অধিকার আছে। আইনের অধীনে স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের অন্তর্ভুক্তি এটি নিশ্চিত করবে যে এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি ভবিষ্যতের প্রশাসনগুলিতে অব্যাহত থাকবে এবং আমরা এই জনস্বাস্থ্যের জরুরি পরিস্থিতিকে আরও ইচ্ছাকৃতভাবে ট্র্যাক করতে এবং এর সাথে মোকাবেলা করতে পারব। এই আইন এবং বিষয়টি নিয়ে কাজ করা আমার সহকর্মীদের প্রতি এবং গভর্নরের প্রতি আমি কৃতজ্ঞ এটিকে আমাদের স্টেট বাজেটে অন্তর্ভুক্ত করার জন্য।"

**স্টেট সেনেটর লেরয় কমরি বলেছেন,** "বন্দুক সংক্রান্ত সহিংসতা একটি জনস্বাস্থ্যের সংকট যার জন্য ঐক্যবদ্ধ, তথ্য-ভিত্তিক প্রতিক্রিয়ার প্রয়োজন। আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় নেওয়ার জন্য এবং সাউথইস্ট কুইন্স (Southeast Queens) থেকে ইস্ট বাফেলো (East Buffalo) পর্যন্ত প্রতিদিন এই কাজ করেন এমন ক্রাইসিস ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রদানকারীদের জন্য বিনিয়োগ বাড়ানো দেখার জন্য অপেক্ষারত। প্রতিটি স্তরে CMS সংস্থাগুলির যুক্ত থাকার ফলে, এই অফিসটি এই নিশ্চিত করতে সাহায্য করবে যে আমরা শুধু সহিংসতা ঘটলে তার মোকাবেলাই করি না, বরং প্রথমেই তা ঘটা থেকে প্রতিরোধ করার জন্যেও কাজ করি।"

**অ্যাসেম্বলি সদস্য Michaelle Solages (মাইকেল সোলাজেস) বলেছেন,** "ওয়াশিংটন যখন মুখ ফিরিয়ে নেয়, তখন নিউ ইয়র্ক নেতৃত্ব দেওয়ার জন্য এগিয়ে আসে। গভর্নর Hochul (হোকল), আমাদের স্টেটের আইনসভা এবং স্থানীয় সমর্থকরা প্রমাণ করছেন যে বাস্তব পদক্ষেপ কেমন হয়। বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে স্থায়ী করে দেওয়ার মাধ্যমে আমরা প্রাণ বাঁচাচ্ছি এবং দীর্ঘদিন

ধরে অবহেলিত সম্প্রদায়গুলিকে সমর্থন করছি। গুলি চালানোর ঘটনা হ্রাস পাওয়া এই পদ্ধতির কার্যকারিতা দেখায় এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসী যতক্ষণ না নিরাপদ বোধ করছেন ততক্ষণ পর্যন্ত আমরা তা অব্যাহত রাখব।"

**অ্যাসেম্বলির সদস্য Jeffrey Dinowitz (জেফ্রি ডিনোভিটজ) বলেছেন,** "কোভিড-19 মহামারীর সময় বন্দুক সংক্রান্ত সহিংসতার ঘটনগুলির উদ্বেগজনক বৃদ্ধির পর, নিউ ইয়র্ক স্টেট গত কয়েক বছরে বন্দুকের সহিংসতা ক্রমাগত হ্রাস পেয়েছে। বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের প্রতিষ্ঠার জন্য তহবিল প্রদান করা এবং বন্দুকের সহিংসতা কমানোর ও প্রতিরোধের কৌশল অন্তর্ভুক্ত করার জন্য ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের দায়িত্ব সম্প্রসারণ সহ আমরা যে অনেক বিনিয়োগ করছি তা বন্দুক সংক্রান্ত সহিংসতার মোকাবেলায় আমাদের অব্যাহত সাফল্যে অবদান রাখবে। বন্দুকের সহিংসতা কমানোর ক্ষেত্রে আইন প্রণয়নও একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যার মধ্যে রয়েছে আমার একটি আইন যাতে বন্দুকের লাইসেন্স পেতে বা আগ্নেয়াস্ত্র কিনতে চাওয়া ব্যক্তিকে অস্ত্র মালিকানার বিপদগুলি সম্পর্কে সচেতন করা বাধ্যতামূলক, যার মধ্যে আত্মহত্যার ঝুঁকি, পারিবারিক সহিংসতার সময় মৃত্যু এবং অন্যদের অনিচ্ছাকৃত মৃত্যুর সম্ভাবনা অন্তর্ভুক্ত এবং তাঁদের জাতীয় আত্মহত্যা প্রতিরোধের লাইফলাইন (National Suicide Prevention Lifeline) সম্পর্কে সচেতন করা বাধ্যতামূলক। আমাদের স্টেটে বন্দুক সহিংসতার ভয়াবহতা নির্মূল করার চূড়ান্ত লক্ষ্যে পৌঁছানোর জন্য আমি সরকারে আমার অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষারত।"

**অ্যাসেম্বলির সদস্যা Nikki Lucas (নিকি লুকাস) বলেছেন,** "আমি বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস প্রতিষ্ঠাকে সমর্থন করি। আমাদের স্টেট জুড়ে নিউ ইয়র্কবাসীদের মতো, আমার জেলার সদস্যরা মনে করেন যে সকলের জন্য জননিরাপত্তার সেবা প্রদান নিশ্চিত করার ক্ষেত্রে সরকার দায়বদ্ধ। বন্দুক সংক্রান্ত সহিংসতার অফিস আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা পরিবার, গার্হস্থ্য সহিংসতার ভুক্তভোগী ব্যক্তি, পুলিশ অফিসার, কারাবন্দী ব্যক্তি সহ সকল নিউ ইয়র্কবাসীকে রক্ষা করে এবং চাহিদাসম্পন্ন প্রার্থীদের জন্য গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্যের পরীক্ষা প্রদান করে। গভর্নর Hochul (হোকল) এবং সরকারে আমার সহকর্মীদের সাথে দাঁড়াতে পেরে আমি আনন্দিত যারা এটি বাস্তবায়নের লক্ষ্যে কাজ করেছেন।"

**অ্যাসেম্বলির সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহাম) বলেছেন,** "আমরা আমার জেলায় বন্দুকের সহিংসতা কমতে দেখেছি কারণ প্রতিরোধ কাজ করে। স্টেট বাজেটে আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস তহবিল সমন্বয় করা, স্থানীয় দলগুলিকে সমর্থন করা এবং দায়বদ্ধতাকে উন্নত করার মাধ্যমে সেই প্রভাবকে প্রসারিত করবে। বন্দুক সংক্রান্ত সহিংসতা দ্বারা সব থেকে বেশী ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলি কৌশলগত, প্রমাণ-ভিত্তিক সমাধানের অধিকারী এবং এই ক্ষেত্রে গভর্নরের কাজ নিউ ইয়র্ককে সেগুলি প্রদাণ করতে পারার জন্য প্রস্তুত করছে।"

**অ্যাসেম্বলির সদস্য Landon Dais (ল্যান্ডন ডেইস) বলেছেন,** "এখানে ব্রঙ্কসে (Bronx) দুর্ভাগ্যবশত অনেক দিন ধরে আমরা বন্দুক সংক্রান্ত সহিংসতাকে অনেক পরিবার ধ্বংস করে দিতে দেখেছি। নিউ ইয়র্কের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের আনুষ্ঠানিক প্রতিষ্ঠা আমাদের সম্প্রদায়গুলির প্রাপ্য সংস্থান, সমন্বয় এবং সহায়তা নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ব্রঙ্কসে বেড়ে ওঠা দুই ছোট ছেলের পিতা হিসেবে, আমি বন্দুক সংক্রান্ত সহিংসতা বন্ধ করার জন্য একটি সামগ্রিক পদক্ষেপের প্রয়োজনীয়তা আছে বলে স্বীকার করেছি। এমন একটি পদ্ধতি যা শুধু অপরাধীকে চিহ্নিত করার কাজই করে না বরং আমাদের তরুণ সমাজকে কাজ করার জন্য কিছু সুযোগ তৈরি করে এবং প্রথমেই তাদের বন্দুক তোলা থেকেকে বিরত রাখে। বাস্তব, স্থায়ী সমাধানের প্রতি গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতিকে আমি সাধুবাদ জানাই কারণ সাউথ ব্রঙ্কস থেকে শুরু করে আপস্টেট পর্যন্ত প্রত্যেক নিউ ইয়র্কবাসী যেখানেই বাস করেন, কাজ করেন এবং তাঁদের পরিবারের লালন-পালন করেন, সেখানেই নিরাপদ বোধ করার অধিকার রাখেন।"

**অ্যাসেম্বলির সদস্য George Alvarez (জর্জ আলভারেজ) বলেছেন,** "গত এক বছরে বন্দুকের সহিংসতা উল্লেখযোগ্যভাবে কমানোতে গভর্নর Hochul (হোকল)-এর সফল প্রচেষ্টার জন্য আমি তাঁকে সাধুবাদ জানাই। আমাদের সম্প্রদায়গুলিকে নিরাপদ করার জন্য গভর্নর এবং স্টেটের আইনসভায় আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আমি সম্মানিত বোধ করি। ফেডারেল স্তরে বন্দুক সম্পর্কিত নিরাপত্তার প্রতি

সমর্থন হ্রাসের মুখে, আমি গভর্নরকে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসটি (OGVP) স্থায়ী করে তোলার জন্য অভিনন্দন জানাই। "আমাদের বাসিন্দাদের রাস্তায় বন্দুকের ধ্বংসাত্মক প্রভাব থেকে রক্ষা করার জন্য নিউ ইয়র্কের এই ধরনের ব্যবস্থা নেওয়ার সময় এখন এসেছে।"

**অ্যাসেম্বলির সদস্য John Zaccaro, Jr. (জন জ্যাকারো, জুনিয়র) বলেছেন,** "এই বছরের বাজেটে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় নেওয়ার জন্য আইন প্রণয়নকে সমর্থন করতে পেরে আমি গর্বিত এবং আমাদের শহরগুলিতে বন্দুকের সহিংসতার সাথে মোকাবেলায় গভর্নরের নিষ্ঠা এবং নেতৃত্বকে আমি সাধুবাদ জানাই। বন্দুকের সহিংসতার সাথে মোকাবেলার যুদ্ধে নিউ ইয়র্ক স্টেট সাফল্যের মানদণ্ড স্থাপন করে চলেছে এবং এর সংখ্যাগুলিই তার প্রমাণ। নিউ ইয়র্ক সিটিতে গুলিবর্ষণের ঘটনা 21% কমেছে এবং বন্দুক দ্বারা ঘটা হত্যাকাণ্ড রেকর্ডের মধ্যে সব থেকে কম আছে। আমরা এগিয়ে যাওয়ার সাথে, নিউ ইয়র্ক আমাদের সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখার উপর জোর দিয়ে নেতৃত্ব দিতে থাকবে।"

**অ্যাসেম্বলির সদস্যা Chantel Jackson (শান্টেল জ্যাকসন) বলেছেন,** "আমাদের সম্প্রদায়ের উপর বন্দুক সহিংসতার কারণে হওয়া যন্ত্রণার সরাসরি প্রত্যক্ষ করা একজন ব্যক্তি হিসেবে, আমি নিউ ইয়র্কের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আনুষ্ঠানিকভাবে রূপ দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই। এটি কেবল নীতি নয়, এটি প্রাণ রক্ষা করা, প্রতিবেশী এলাকাগুলিকে উন্নত করা এবং পরিবাররা যাতে তাদের নিজস্ব বাড়িতে নিরাপদ বোধ করেন তা নিশ্চিত করার বিষয়ে। তথ্যই প্রমাণ, আমরা দেখিয়েছি যে যখন আমরা প্রতিরোধে বিনিয়োগ করি, আমাদের সম্প্রদায়গুলিকে সমর্থন করি এবং একটি ব্যাপক পদ্ধতি গ্রহণ করি, তখন আমরা প্রাণ বাঁচাই। নিউ ইয়র্ক দেশকে দেখিয়ে দিচ্ছে জননিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার অর্থ কী, এবং আমি এই প্রচেষ্টার পাশে দাঁড়াতে পেরে গর্বিত।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট Donovan Richards Jr. (ডনোভান রিচার্ডস জুনিয়র) বলেছেন,** "বন্দুকের সহিংসতা আমাদের শহর জুড়ে অনেক প্রাণ কেড়ে নিয়েছে এবং অনেক পরিবারকে বিধ্বস্ত করেছে। যার বন্দুকের সহিংসতার কারণে একজন ঘনিষ্ঠ বন্ধুকে হারানোর পর ক্যারিয়ারের সূচনা সহ একজন ব্যক্তি হিসেবে আমি গভর্নর Hochul (হোকল) এবং আমাদের সমস্ত শহর ও সম্প্রদায়ের অংশীদারদের সাথে আমাদের প্রতিবেশী এলকগুলিতে গুলিবর্ষণ বন্ধ করার জন্য এবং প্রাণ বাঁচানোর জন্য কাজ করতে পেরে গর্বিত। নতুন 116তম প্রিসিঙ্কট তৈরি থেকে শুরু করে অপরাধের মূল কারণগুলি সমাধান করা এবং এখন স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের অধীনে আনা পর্যন্ত, আমরা বন্দুক সহিংসতার জন্য একটি তথ্য-চালিত, সম্প্রদায়-ভিত্তিক পদ্ধতি প্রদান করছি যা নিউ ইয়র্কের পাড়া এবং পরিবারগুলিকে সুরক্ষিত রাখে। তবে কাজের কোনও সমাপ্তি নেই এবং এই অবিরাম প্রচেষ্টাগুলি নিরবচ্ছিন্নভাবে চলতে থাকবে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Keith Powers (কিথ পাওয়ারস) বলেছেন,** "বন্দুকের সহিংসতা একটি হৃদয়বিদারক জনস্বাস্থ্যের সংকট। আমি গর্বিত যে নিউ ইয়র্কে দেশের মধ্যে সব থেকে শক্তিশালী বন্দুক নিরাপত্তার আইন রয়েছে, যা আমাদের সম্প্রদায়গুলিকে রক্ষা করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস এটি নিশ্চিত করায় নেতৃত্ব দেয় যে ক্ষতি করতে পারেন এমন ব্যক্তিদের হাতে বন্দুক যেন না যায়, এবং আমি আনন্দিত যে এটি এখন আগ্নেয়াস্ত্রের কারণে হওয়া সহিংসতা প্রতিরোধে আমাদের স্টেটের প্রচেষ্টার একটি সংহিতাবদ্ধ অংশ।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Kevin C. Riley (কেভিন সি. রাইলি) বলেছেন,** "বন্দুক সহিংসতার কারণে গভীরভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী কাউন্সিলের একজন সদস্য হিসেবে, আমি নিউ ইয়র্ক স্টেটের আইনে বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে স্থায়ী করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই। এই অফিসটি সহিংসতার মূল কারণগুলির সাথে মোকাবেলায় জীবন রক্ষাকারী, সম্প্রদায়-ভিত্তিক সমাধানগুলিতে বিনিয়োগের আমাদের ক্ষমতাকে জোরদার করে তোলে। আমরা জানি যে জননিরাপত্তা বিষয় পুলিশের ব্যবস্থা করার চেয়েও বেশী কিছু; এটি প্রতিরোধ, নিরাময় এবং সুযোগ তৈরি করার সম্পর্কেও। আমাদের

প্রতিবেশী এলকগুলিকে সুরক্ষা প্রদান করার এবং আমাদের যুবসমাজের উন্নয়নের জন্য আমাদের স্টেটের অংশীদারদের সাথে এই গুরুত্বপূর্ণ কাজটি চালিয়ে যাওয়ার জন্য আমি উন্মুখ।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্যা Carlina Rivera (কার্লিনা রিভেরা) বলেছেন,** "নিউ ইয়র্ক এবং আমাদের দেশ বন্দুক সহিংসতার কারণে হওয়া জনস্বাস্থ্য সংকটের সম্মুখীন হয়ে চলেছে। এখনও অনেক বাসিন্দা মনে ভয় নিয়ে বাস করছেন, এবং সহিংসতা বন্ধ করার জন্য আমাদের ব্যাপক নীতি, বিনিয়োগ এবং সম্প্রদায়ের অংশীদারিত্বগুলি দ্বিগুণ বাড়াতে হবে। নিউ ইয়র্কের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনে রূপান্তরিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই, এটি এমন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা সমন্বয়কে জোরদার করে তুলবে এবং প্রমাণিত প্রতিরোধ কৌশলগুলিকে প্রসারিত করবে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্যা Rita Joseph (রিটা জোসেফ) বলেছেন,** "একজন মা, একজন শিক্ষিকা এবং বন্দুক সহিংসতার ধ্বংসাত্মক প্রভাব অনুভব করা একটি সম্প্রদায়ের একজন গর্বিত প্রতিনিধি হিসেবে, আমি গভর্নর Hochul (হোকল)-এর বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আনুষ্ঠানিকভাবে রূপ দেওয়ার ঘোষণাকে আন্তরিকভাবে সমর্থন করি। আমাদের এই ধরণেরই সাহসী, সহানুভূতিশীল নেতৃত্বের প্রয়োজন যা স্বীকার করে যে জননিরাপত্তার অর্থ হলো প্রতিরোধ, নিরাময় এবং সম্প্রদায়ের জন্য বিনিয়োগ করা। আমাদের তরুণ ব্যক্তিরা যাতে বন্দুকের সহিংসতার হুমকি থেকে মুক্ত থাক এলকগুলিতে বেড়ে উঠতে পারেন তা নিশ্চিত করার জন্য আমি স্টেটের সাথে অংশীদারিত্বে কাজ করার জন্য অপেক্ষারত।"

**ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অ্যাসোসিয়েশন অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (District Attorneys Association of the State of New York) সভাপতি এবং রেনসেলার কাউন্টির (Rensselaer County) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Mary Pat Donnelly (মেরি প্যাট ডোনেলি) বলেছেন,** "নিউ ইয়র্ক স্টেটের প্রসিকিউটররা আমাদের স্টেটে বন্দুক সহিংসতা প্রতিরোধে গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতিকে সাধুবাদ জানান। আমার নিজস্ব কাউন্টি, রেনসেলার, 21টি কাউন্টির মধ্যে একটি যারা Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগের অংশ, যা নিউ ইয়র্ক সিটির বাইরের সম্প্রদায়গুলিতে আগ্নেয়াস্ত্র-সম্পর্কিত হত্যাকাণ্ড এবং গুলিবর্ষণের ঘটনা কমানোর উপর দৃষ্টি নিবদ্ধ করে। এই প্রোগ্রাম এবং ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের নেতৃত্বে অন্যান্যদের সহায়তা বন্দুকের সহিংসতা কমাতে এবং বন্দুক-সম্পর্কিত অপরাধ কমানোর কৌশলগুলিকে উন্নত করতে সফল হয়েছে। আমার সহকর্মী জেলার অ্যাটর্নি এবং আমাদের বৃহত্তর আইন প্রয়োগকারী সম্প্রদায়ের সাথে মিলে আমি বন্দুক সংক্রান্ত অপরাধের সাথে মোকাবেলা এবং সেই অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের সহায়তা করার জন্য আমাদের স্টেটের সাথে অব্যাহত অংশীদারিত্বের জন্য অপেক্ষারত।"

**ম্যানহাটনের (Manhattan) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (Alvin Bragg, Jr.) অ্যালভিন ব্র্যাগ, জুনিয়র, বলেছেন,** "2021 সালের এই সময়ের তুলনায় ম্যানহাটনে গুলিবর্ষণের ঘটনা 69% কমেছে, তাও আমরা আমাদের লক্ষ্যের উপর থেকে নজর সরাব না। বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে স্থায়ীভাবে আইনের আওতায় অন্তর্ভুক্ত করা স্টেটের সকল কোণে সমন্বিত প্রতিক্রিয়া পাওয়া নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং বন্দুকের সহিংসতা সম্পর্কিত সচেতনতা মাস শেষ করার নিখুঁত উপায়। বন্দুকের সহিংসতার মোকাবেলায় গভর্নর Hochul (হোকল)-এর দৃঢ় প্রতিশ্রুতির জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই।"

**ব্রুকলিনের (Brooklyn) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Eric Gonzalez (এরিক গঞ্জালেজ) বলেছেন,** "গত বছর ব্রুকলিনে বন্দুকের সহিংসতা রেকর্ড পরিমাণে কমেছিল, কিন্তু আমরা সেই অগ্রগতিকে হালকাভাবে নিতে পারি না। একটি নিবেদিতপ্রাণ বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস নিউ ইয়র্ককে প্রতিক্রিয়াগুলি আরও ভালভাবে সমন্বয় করতে, সম্প্রদায়গুলিকে সমর্থন করতে এবং প্রাণ বাঁচাতে তথ্য-ভিত্তিক কৌশল বিকাশের জন্য সরঞ্জাম দেবে। এই গুরুত্বপূর্ণ এবং সক্রিয় জননিরাপত্তা বিষয়ক আইনটি পাস করার জন্য আমি আইনসভাকে সাধুবাদ জানাই এবং এটিকে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই।"

**ব্রঙ্কসের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Darcel D. Clark (ডারসেল ডি. ক্লার্ক) বলেছেন,** "একজন গুলি চালানোর ঘটনায় নিহত হওয়া ব্যক্তি থাকাও অনেক বেশী, তাই বন্দুকের সহিংসতা রোধে আমরা যা করতে পারি তা আমাদের অবশ্যই করতে হবে। আমাদের সম্প্রদায়ের ক্ষতি এবং হৃদয়বিদারকতা কমানোর জন্য গভর্নর Hochul (হোকল)-এর কৌশলগুলি বাস্তবসম্মত পদক্ষেপ। কিন্তু আমাদের তরুণ সমাজের জন্য সুযোগ বৃদ্ধি করার এবং আগ্নেয়াস্ত্রের প্রবাহ বন্ধ করার জন্য প্রচেষ্টা চালাতে হবে যাতে সেগুলি শিশুদের হাতে না পড়ে।"

**রিচমন্ড কাউন্টির (Richmond County) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (Michael E. McMahon) মাইকেল ই. ম্যাকমাহন বলেছেন,** "যদিও এই বছর স্টেটেন আইল্যান্ডে (Staten Island) রেকর্ডকৃত গুলিবর্ষণের ঘটনা ঐতিহাসিকভাবে সর্বনিম্ন পর্যায়ে পৌঁছেছে – একটি গুলিবর্ষণের ঘটনাও অনেক বেশী, এবং আমাদের সম্প্রদায়সমূহ থেকে বন্দুক সংক্রান্ত সহিংসতার ভয়াবহতা নির্মূল করার জন্য আইন প্রয়োগকারী সংস্থার সকল প্রকার সহায়তা প্রয়োজন। NYPD-এর সাথে বন্দুক ফেরতের অংশীদারিত্বের প্রকল্পের মাধ্যমে আমাদের রাস্তা থেকে প্রায় 800টি আগ্নেয়াস্ত্র সরিয়ে নেওয়া থেকে শুরু করে আদালত কক্ষে সুনির্দিষ্ট বিচার বাস্তবায়ন করা পর্যন্ত, আমার অফিসের পুরুষ ও মহিলারা আমাদের সম্প্রদায় থেকে বেআইনি আগ্নেয়াস্ত্র দূর করার জন্য এবং যারা এই বিপজ্জনক অস্ত্র ব্যবহার করার সাহস করেণ তাদের আইনের আওতায় নিয়ে আসার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তবে, বন্দুকের সহিংসতা প্রতিরোধ এবং নিউ ইয়র্কবাসীদের এর মারাত্মক পরিণতি থেকে রক্ষা করার জন্য আরও অনেক কাজ করতে হবে। নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসকে আইনের আওতায় আনার জন্য এবং স্টেটেন আইল্যান্ডার ও সকল নিউ ইয়র্কবাসীদের বন্দুক সহিংসতার বিপদ থেকে সুরক্ষিত রাখার জন্য তাঁর অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক সিটির বাইরে অবস্থিত 28টি পুলিশ ডিপার্টমেন্ট থেকে নতুন প্রকাশিত ডেটা এসেছে যেগুলি স্টেটের Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগে অংশগ্রহণ করছে। আলবানি (Albany), বাফেলো এবং রচেস্টার (Rochester) সহ শহরগুলিতে গুলি চালানোর ঘটনায় আঘাত এবং গুলিবিদ্ধ ব্যক্তিদের সংখ্যা উভয় ক্ষেত্রেই দ্বিগুণ হ্রাস হয়েছে বলে রিপোর্ট করা হয়েছে। 2025 সালের মে মাসে, এই বিচারব্যবস্থায় বন্দুকের সহিংসতায় চারজন নিহত হয়েছেন, যার সংখ্যা 2024 সালের মে মাসে 13 জনের থেকে কম।

এই অগ্রগতির উপর ভিত্তি করে, OGVP একটি স্টেটব্যাপী নিরাপদ সংরক্ষণ সংক্রান্ত জনসচেতনতার প্রচারণা শুরু করবে এবং আগামী মাসগুলিতে ইউথ মেন্টরশিপ, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা এবং বিনোদনমূলক কর্মসূচীর জন্য নিরাপদ স্থান প্রদানের জন্য সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ করবে। এই সচেতনতামূলক প্রচারণা দায়িত্বশীল বন্দুকের মালিকানা প্রচার করবে এবং আগ্নেয়াস্ত্র সম্পর্কিত জখম এবং মৃত্যু প্রতিরোধে সাহায্য করার জন্য বিনামূল্যে বন্দুকের লক বিতরণ করবে, বিশেষ করে শিশু এবং কিশোর-কিশোরীদের মধ্যে।

**বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস সম্পর্কে**

ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (DCJS) মধ্যে অবস্থিত নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিস (OGVP) বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধে একটি সমন্বিত স্টেটব্যাপী পদ্ধতিতে নেতৃত্ব দেয়। এর লক্ষ্য হল একটি ব্যাপক, ন্যায্যতা দ্বারা চালিত জনস্বাস্থ্যের মডেল তৈরি করা যা সম্প্রদায়সমূহ এবং জনব্যবস্থাকে জোরদার করে সহিংসতার মূল কারণগুলির সাথে মোকাবেলা করে। OGVP নিউ ইয়র্কের বৃহত্তর সহিংসতা প্রতিরোধের বাস্তুতন্ত্রে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করে, স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH), শিশু ও পরিবার পরিষেবার অফিস (Office of Children and Family Services, OFCS), মানসিক স্বাস্থ্যের অফিস (Office of Mental Health, OMH), অফিস অফ ভিকটিম সার্ভিসেস (OVS), এবং নিউ ইয়র্ক জুড়ে স্টেট ও স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব করে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (Department of Youth and Community Development, DYCD), এবং ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (Department of Health and Mental Hygiene, DOHMH)।আরও জানার জন্য বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধের অফিসের ওয়েবপেজে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন